



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার ঢাকা

পত্র সংখ্যা : রেজি/প্রশাসন-২/২১৮৭(২)

তারিখ : ০২-১১-২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত পদসমূহে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	পদের নাম ও বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী গ্রন্থাগারিক গ্রন্থাগার অফিস জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী বেতনক্রম : ২৯,০০০-৬৩,৪১০/- পদ সংখ্যা: ১টি	ক) প্রার্থীকে শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ২.৫ ও গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি এবং লাইব্রেরি সংশ্লিষ্ট কম্পিউটার অটোমেশন কাজের অভিজ্ঞতাসহ পুরাতন ১১,০০০-২০,৩৭০/- (নতুন ২২,০০০-৫৩,০৬০/-) টাকা স্কেলের উপ-সহকারী গ্রন্থাগারিক পদে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। লাইব্রেরি অটোমেশন সফটওয়্যার Koha বা সমমানের ILS (Integrated Library System)-এ প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে এবং কোনো শিক্ষা প্রতিষ্ঠানে Koha বা অন্য কোনো ILS-এ দ্বারা পরিচালিত গ্রন্থাগারে কর্মকর্তা হিসেবে কমপক্ষে ৩(তিন) বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।
২।	উপ-সহকারী গ্রন্থাগারিক গ্রন্থাগার অফিস জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী বেতনক্রম : ২২,০০০-৫৩,০৬০/- পদ সংখ্যা: ১টি	ক) প্রার্থীকে শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ২.৫ ও গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। কম্পিউটারে লাইব্রেরি অটোমেশন কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। অথবা খ) শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ২.৫ ও স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি এবং গ্রন্থাগার বিজ্ঞানে ১(এক) বছরের স্নাতকোত্তর ডিপ্লোমা থাকতে হবে। কম্পিউটারে লাইব্রেরি অটোমেশন কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। উপরের 'ক' ও 'খ' উভয় ক্ষেত্রে প্রার্থীকে লাইব্রেরি অটোমেশন সফটওয়্যার Koha বা সমমানের ILS (Integrated Library System)-এ প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।
৩।	সহকারী প্রোগ্রামার গ্রন্থাগার অফিস জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী বেতনক্রম : ২২,০০০-৫৩,০৬০/- পদ সংখ্যা: ১টি	ক) শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ২.৫সহ কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/আইটিতে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। অথবা শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ২.৫সহ ইলেকট্রনিক্স/ফলিত পদার্থবিজ্ঞান এন্ড ইলেকট্রনিক্স/পদার্থবিজ্ঞান/ পরিসংখ্যান/ গণিত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি এবং কম্পিউটার সায়েন্সে/ ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/আইটিতে ১(এক) বছর মেয়াদী স্নাতকোত্তর ডিপ্লোমা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। অথবা খ) শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণিসহ বিএসসি ইঞ্জিনিয়ারিং/চার বছরের অনার্সসহ কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি/সফটওয়্যার/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/ টেলিকমিউনিকেশন/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/এপ্রাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স-এ বিএসসি ডিগ্রি থাকতে হবে। অথবা শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি ও ৩(তিন) বছরের অনার্সসহ কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি/সফটওয়্যার/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/টেলিকমিউনিকেশন/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/এপ্রাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স-এ এমএসসি ডিগ্রি থাকতে হবে। উপরের 'ক' ও 'খ' উভয় ক্ষেত্রে প্রার্থীকে Data-Base Management-এ বিশেষ দক্ষতাসম্পন্ন হতে হবে। লাইব্রেরি অটোমেশন সফটওয়্যার Koha বা সমমানের ILS (Integrated Library System) ব্যবস্থাপনার ধারণা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

- ৪। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো শর্ত শিথিলযোগ্য।
- ৫। উপরোক্ত পদের জন্য প্রার্থীদের নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে প্রাপ্তব্য নির্ধারিত ফর্মে ১০(দশ) কপি দরখাস্ত, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সার্টিফিকেটের সত্যায়িত কপি প্রতি সেটের সাথে সংযুক্ত করতঃ রেজিস্ট্রারের অনুকূলে অগ্রাধি ব্যাংকের যে কোনো শাখা হতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার উপর ইস্যুকৃত ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য নহে) অথবা অগ্রাধি ব্যাংকের বিবিধ জমা রশিদের মাধ্যমে ৬০০/- (ছয়শত) টাকা অগ্রাধি ব্যাংক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার সিডি-৬৪ নং হিসাবে জমা দিয়ে উক্ত জমা রশিদ এবং ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ দরখাস্ত আগামী ২৩-১১-২০১৭ তারিখের মধ্যে রেজিস্ট্রার বরাবর পৌছাতে হবে।
- ৬। রেজিস্ট্রার বরাবর ৬ (ছয়) টাকা মূল্যের ডাকটিকেটসহ নিজের নাম, ঠিকানা লিখিত ১০" X ৪" সাইজের খাম পাঠিয়ে উপরোক্ত পদের জন্য আবেদন ফরম (অফিস বন্ধের দিন ব্যতিত অন্যান্য দিন অফিস চলাকালীন সময় সকাল ৮-৩০ ঘটিকা হতে বিকাল ৪-০০ ঘটিকা পর্যন্ত) রেজিস্ট্রার অফিস থেকে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.juniv.edu থেকেও নির্ধারিত ফরম ডাউনলোড করে আবেদন করা যাবে।
- ৭। চাকুরির প্রার্থীকে অবশ্যই স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৮। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত ও অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষর/-রেজিস্ট্রার